

উপজেলা আইন শৃঙ্খলা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণী :


সভাপতি : জনাব আখতারুজ্জামান , ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
সভার তারিখ ও সময় : ২৭/০৪/২০২৩ খ্রিস্টাব্দ বেলা : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ২৭/০৪/২০২৩খ্রি. তারিখ বেলা ১১.০০ঘটিকায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কে আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

| ক্রঃনং | বিষয়                                | আলোচনা   | সিদ্ধান্ত  |
|--------|--------------------------------------|--|--|
| ০১     | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।  | কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় দৃঢ়করণ করা হয়।   |
| ০২     | বাল্য বিবাহ বিষয়ে আলোচনা            | কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ মনিরুজ্জামান চেয়ারম্যান ০৩নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, আমাদের গ্রামে অনেক বেকার যুবক রয়েছে। যারা গ্রামের নিরাপত্তা রক্ষায় ভূমিকা রাখতে পারে। কিন্তু পরিতাপের বিষয় হলো এই গ্রামের কোন যুবকেরই দক্ষ প্রশিক্ষণের ব্যবস্থা নেই তাই এই এলাকায় বেকার যুবক যুবতীদের বাল্য বিবাহ নিয়ন্ত্রন বিষয়ক প্রতিকার প্রয়োজন। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৭/৪/২০২৩  
(আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা আইন শৃঙ্খলা কমিটি


জামালপুর সদর, জামালপুর

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

স্মারকনং:- ৪৪.০৩.৪৫৩৯.০০.০১২.২৩ -

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। জনাব..... সদস্য উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৪। অফিস নথি।

  
(পিয়রা আক্তার)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব

উপজেলা আইন শৃঙ্খলা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

২৭/০৪/২০২৩ খ্রি. তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

| ক্র: নং | সদস্যদের নাম  | পদবী       |
|---------|---|------------|
| ১       | জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।   | সভাপতি     |
| ২       | মোঃ মনিরুজ্জামান, চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ।                  | সদস্য      |
| ৩       | মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫নং ইটাইল ইউনিয়ন পরিষদ।                     | সদস্য      |
| ৪       | মোঃ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদ               | সদস্য      |
| ৫       | পিয়রা আক্তার, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারঃ), জামালপুর সদর, জামালপুর | সদস্য সচিব |